

# Prime Minister witnesses signing of the India-Australia Economic Cooperation and Trade Agreement-“IndAus ECTA”

April 02, 2022

## ভারত - অস্ট্রেলিয়া অর্থনৈতিক সহযোগিতা ও বাণিজ্য চুক্তি (ইন্ডিয়া অস্ট্রেলিয়া ইসিটিএ) স্বাক্ষর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প; গ্রাহক বিষয়ক, খাদ্য ও গণবন্টন তথা বস্ত্র মন্ত্রী শ্রী পীযুষ গোয়েল এবং অস্ট্রেলিয়ার বাণিজ্য, পর্যটন ও বিনিয়োগ মন্ত্রী মিঃ ড্যান তেহান আজ এক ভার্চুয়াল অনুষ্ঠানে ভারত - অস্ট্রেলিয়া অর্থনৈতিক অংশীদারিত্ব ও বাণিজ্য চুক্তিতে (ইন্ডিয়া অস্ট্রেলিয়া ইসিটিএ) স্বাক্ষর করেছেন। স্বাক্ষরদান অনুষ্ঠানে ভারতের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং সেদেশের প্রধানমন্ত্রী মিঃ স্কট মরিসন উপস্থিত ছিলেন।

দুই দেশের মধ্যে চুক্তি স্বাক্ষরের পর প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন, গত এক মাসে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর সঙ্গে এটি তাঁর তৃতীয় সাক্ষাৎ। তিনি সেদেশের প্রধানমন্ত্রী মিঃ মরিসন, তাঁর বাণিজ্যদূত এবং প্রাক্তন প্রধানমন্ত্রী মিঃ টনি অ্যাভটের দক্ষ নেতৃত্বদানের প্রশংসা করেন। সফল ও কার্যকর চুক্তির জন্য শ্রী মোদী দুই দেশের বাণিজ্য মন্ত্রী ও সংশ্লিষ্ট দলকে অভিনন্দন জানিয়েছেন।

প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন, অল্প সময়ে এই চুক্তি স্বাক্ষর দুই দেশের মধ্যে পারস্পরিক আস্থার গভীরতাকেই প্রতিফলিত করে। এপ্রসঙ্গে একে অপরের চাহিদা পূরণে দুই দেশের বর্তমান অর্থ ব্যবস্থায় যে বিপুল সম্ভাবনা রয়েছে, তার কথা উল্লেখ করে শ্রী মোদী বলেন, এই চুক্তি উভয় দেশকেই অর্থব্যবস্থায় বিপুল সম্ভাবনাকে কাজে লাগাতে সাহায্য করবে। শ্রী মোদী বলেন, "আমাদের দ্বিপাক্ষিক সম্পর্কে এই চুক্তি একটি সন্ধিক্ষণ"। তিনি আরও বলেন, "এই চুক্তির ভিত্তিতে আমরা একসঙ্গে সরবরাহ-শৃঙ্খলে ধারাবাহিকতা নিয়ে আসতে সক্ষম হব এবং ভারত - প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে স্থিতিশীলতা বজায়ে অবদান রাখবো"।

ভারত ও অস্ট্রেলিয়ার মধ্যে মানুষের সঙ্গে মানুষের সম্পর্ককে গুরুত্বপূর্ণ স্তম্ভ হিসেবে উল্লেখ করে প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন, "এই চুক্তি ছাত্র-ছাত্রী, পেশাদার ও পর্যটক বিনিময়ে সহায়ক হবে, যা আধারে দুই দেশের সম্পর্ককেই আরও মজবুত করবে"।

আসন্ন বিশ্বকাপ ফাইনালের জন্য শ্রী মোদী অস্ট্রেলিয়ার মহিলা ক্রিকেট দলকে শুভেচ্ছা জানান।

অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী মিঃ মরিসন গত কয়েক বছরে দুই দেশের মধ্যে সহযোগিতায় লক্ষ্যণীয় অগ্রগতির কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী শ্রী মোদীকে তাঁর সুদক্ষ নেতৃত্বের জন্য ধন্যবাদ দেন। ভারত ও অস্ট্রেলিয়ার মধ্যে ক্রমবর্ধমান সম্পর্কে অর্থনৈতিক অংশীদারিত্ব ও বাণিজ্য চুক্তিকে আরও একটি মাইলফলক বলে বর্ণনা করে সেদেশের প্রধানমন্ত্রী বলেন, দুই দেশের সম্পর্কের অঙ্গীকারের প্রেক্ষাপটকে এই চুক্তি আরও নিবিড় করবে। বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতায় অগ্রগতির পাশাপাশি দুই দেশের মধ্যে এই চুক্তি মানুষের সঙ্গে মানুষের উষ্ণ ও ঘনিষ্ঠ সম্পর্ককে আরও নিবিড়তর করবে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী মিঃ মরিসন বলেন, এরফলে দুই দেশের মানুষের কাছেই কাজের, পড়াশোনার এবং ভ্রমণের সুযোগ বাড়বে। এই চুক্তি আমাদের ব্যবসায়িক সম্পর্কে একটি ইতিবাচক বার্তা দেবে, যার ফলে দুই প্রগতিশীল আঞ্চলিক অর্থনৈতিক শক্তিদ্বয় দেশ এবং সমমনোভাবাপন্ন গণতন্ত্র দুটির মধ্যে পারস্পরিক স্বার্থে একযোগে কাজ করার পথ আরও প্রশস্ত হবে বলেও সেদেশের প্রধানমন্ত্রী অভিমত প্রকাশ করেন। তিনি আরও বলেন, চুক্তিটি দুই গণতান্ত্রিক দেশ একযোগে কাজ করছে এই সুস্পষ্ট বার্তা যেমন দেবে, তেমনি সরবরাহ-শৃঙ্খলে নিরাপত্তা ও ধারাবাহিকতার বিষয়টি সুনিশ্চিত করবে।

চুক্তি স্বাক্ষরের আগে দুই দেশের মধ্যে ক্রমবর্ধমান নিবিড় সম্পর্ক প্রসঙ্গেও ভারত ও অস্ট্রেলিয়ার মন্ত্রীরা নিজেদের দৃষ্টিভঙ্গী প্রকাশ করেন।

ভারত ও অস্ট্রেলিয়ার মধ্যে ক্রমবর্ধমান অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক দুই দেশের মধ্যে দ্রুত বৈচিত্রময় এবং নিবিড়তর সম্পর্কের স্থিতিশীলতায় এবং তাকে আরও সুদৃঢ় করতে অবদান রাখবে। দুই দেশের মধ্যে এই চুক্তি পণ্য ও পরিষেবার লেনদেনে সামঞ্জস্য নিয়ে আসবে, যা নিবিড় ও কৌশলগত সম্পর্ককে আরও মজবুত করবে। পঞ্চাশের দুই দেশের মধ্যে পণ্য ও পরিষেবা-ভিত্তিক দ্বিপাক্ষিক লেনদেন বৃদ্ধি পাবে, কর্মসংস্থানের নতুন সুযোগ তৈরি হবে, সাধারণ মানুষের জীবন-যাপনের মান বাড়বে তথা সর্বোপরি দুই দেশের মানুষের সার্বিক কল্যাণে সহায়ক হবে।

নতুন দিল্লী

এপ্রিল 02, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.